বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক খবর

তারিখ ... 30 JUN 1988
পৃষ্ঠা ... ৪ কলাম ৪

৩৭

# সঙ্গীত মহাবিদ্যালয়ের সার্বিক পরিস্থিতি পর্যালোচনা

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলেছেন, সংগীত আমাদের জাতীয় সংস্কৃতির এক অপরিহার্য অংগ এবং এর উৎকর্ষ সাধনের জন্য প্রাতিষ্ঠানিক শিক্ষার প্রয়োজনীয়তা অনস্বীকার্য। তিনি আরো বলেন, এ কারণেই সরকার সরকারী সংগীত মহাবিদ্যালয়ের ভৌত সুবিধাদি সৃষ্টির জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করেছেন। মন্ত্রী ২৯শে জুন সকালে শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এক উচ্চ পর্যায়ের বৈঠকে সভাপতির ভাষণ দিচ্ছিলেন। সভায় সরকারী সংগীত মহাবিদ্যালয়ের সার্বিক পরিস্থিতি নিয়ে আলোচনা করা হয়।

সভায় শেরেবাংলানগরস্থ নিজস্ব জায়গায় সরকারী সংগীত মহাবিদ্যালয়ের নির্মাণ কাজ অবিলম্বে শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়। প্রধান স্থপতি সংগীত মহাবিদ্যালয় ভবন নির্মাণের পর্যায়ক্রম ঠিক করে দিবেন এবং গণপূর্ত অধিদপ্তর এই প্রকল্প বাস্তবায়নের কাজ করবে বলে সভায় সিদ্ধান্ত নেয়া হয়।

সভায় সঙ্গীত মহাবিদ্যালয়ের শিক্ষকদের স্বল্পতা দূরীকরণের লক্ষ্যে যথাযথ উদ্যোগ গ্রহণের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরকে নির্দেশ প্রদান করে। সভায় শিক্ষা সচিব জনাব হেদায়েত আহমেদও বক্তৃতা করেন। তথ্য বিবরণী।